

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০২২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯৬. (ভুলবশত চার রাক'আতের স্থলে) পাঁচ রাক'আত সালাত আদায় করলে

باب إِذَا صلَّى خَمْسًا

আরবী

حَدَيثُ انصر بن عَلِيّ، أَخْبَرَنَا جَرِيرٌ، ح وَحَدَّثَنَا يُوسُفُ بْنُ مُوسَى، حَدَّثَنَا جَرِيرٌ، _ وَهَذَا حَدِيثُ يُوسُفَ بن مُوسَى، حَدَّ عَنْ عَلْقَمَة، قَالَ قَالَ حَديثُ يُوسُفَ _ عَنْ الْحَسَنِ بن عُبَيْدِ اللهِ، عَنْ إِبْرَاهِيمَ بن سُويْد، عَنْ عَلْقَمَة، قَالَ قَالَ عَبْدُ اللهِ صَلَّى بِنَا رَسُولُ اللهِ صلى الله عليه وسلم خَمْسًا فَلَمَّا انْفَتَلَ تَوَشُوشَ الْقَوْمُ بَيْنَهُمْ فَقَالَ " مَا شَأْنُكُمْ " . قَالُوا يَا رَسُولَ اللهِ هَلْ زِيدَ فِي الصَّلَاةِ قَالَ " لَا " . قَالُوا فَإِنَّكَ مَلَّا مَا شَأْنُكُمْ " . قَالُوا يَا رَسُولَ اللهِ هَلْ زِيدَ فِي الصَّلَاةِ قَالَ " لَا " . قَالُوا فَإِنَّكَ مَا تَنْسَوْنَ عَلَيْتَ خَمْسًا . فَانْفَتَلَ فَسَجَدَ سَجْدَتَيْنِ ثُمَّ سَلَّمَ ثُمَّ قَالَ " إِنَّمَا أَنَا بَشَرٌ أَنْسَى كَمَا تَنْسَوْنَ

صحیح: م

বাংলা

১০২২। 'আবদুল্লাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, একদা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে নিয়ে পাঁচ রাক'আত সালাত আদায় করলেন। সালাত শেষে লোকেরা এ নিয়ে চুপি চুপি আলাপ করতে থাকলো। তা দেখে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেনঃ তোমাদের কি হয়েছে? তারা বললো, হে আল্লাহর রসূল! সালাত কি বৃদ্ধি করা হয়েছে? তিনি বললেন, না। তারা বললো, আপনি তো পাঁচ রাক'আত সালাত আদায় করেছেন। এ কথা শুনে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তিনি ঘুরে গিয়ে দু'টি সাহু সিজদা্ আদায় করে সালাম ফিরালেন, অতঃপর বললেনঃ আমি তো একজন মানুষ। তোমাদের মত আমিও ভুল করে থাকি।[1]

সহীহ: মুসলিম।

English



'Abd Allah (b. Mas'ud) said; The Messenger of Allah () led us in five rak'ahs of prayer. When he turned away (i,e, finished his prayer), the people whispered among themselves. He asked; what is the matter with you? They said:

Messenger of Allah, has (the number of the rak'ahs of) the prayer been increased? he said: No. they said; you have offered five rak'ahs of prayer. He then turned away and performed two prostrations, and afterwards gave the salutation. He then said: I am only a human being, I forget, as you forget.

ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : মাসাজিদ, অনুঃ সালাত আদায়ে ভুল করলে এবং সাহু সিজদা করা) জারীর হতে হাসান ইবনু 'আবদুল্লাহর সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন